সম্পদের আধিক্য ধনাঢ্যতা নয়, প্রকৃত ধনাঢ্যতা হল অন্তরের ধনাঢ্যতা।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, “সম্পদের আধিক্য
ধনাঢ্যতা নয়, প্রকৃত ধনাঢ্যতা হল অন্তরের ধনাঢ্যতা।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যাখ্যা করেছেন, প্রকৃত ধনাঢ্যতা ধন-সম্পদের আধিক্য দ্বারা নয়। প্রকৃত ধনাঢ্যতা হলো আত্মার ধনাঢ্যতা। ব্যক্তিকে যা দেওয়া হয়েছে তাতে যদি সে সন্তুষ্ট থাকে ও যথেষ্ট মনে করে আর সম্পদ বাড়ানোর লোভ না করে এবং পীড়াপীড়ি করে না চায় তবে সে সবচেয়ে বেশী ধনী।

http://sunnah.global/hadeeth/bn/show/3852